**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**21 DECEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ত্রিপুরার আগরতলায় আয়োজিত উত্তরপূর্ব পরিষদের ৭২ তম পূর্নাংগ বৈঠকে আজ পৌরহিত্য করবেন । বৈঠকে কেন্দ্রীয় উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া , বিভাগীয় প্রতিমন্ত্রী ড: সুকান্ত মজুমদার উত্তরপূর্বাঞ্চলের সব রাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীরা উপস্থিত থাকবেন ।আগরতলায় পৌঁছে উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রী শ্রী সিন্ধিয়া বলেন যে এই বৈঠকে উত্তরপূর্বাঞ্চলের দ্রুত উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করে পদক্ষেপ গ্রহণ করা হবে ।

---

এক দেশ এক নির্বাচন বিষয়ক দুটি বিল **গতকাল** যৌথ সংসদীয় সমিতির কাছে প্রেরণ করা হয়েছে । লোকসভার ২৭ জন সদস্য ও রাজ্যসভার ১২ জন সদস্য নিয়ে এই সমিতি গঠন করা হয়েছে । **গতকাল** সকালে সভায় মিলিত হোয়ার সময় কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘোওয়াল সংবিধানের ১২৯ তম সংশোধনী বিল ২০২৪ ও কেন্দ্রীয় শাসিত অঞ্চল আইন সংশোধনী বিল ২০২৪ যৌথ সংসদীয় সমিতিকে প্রেরণের জন্য প্রস্তাব উত্থাপন করেন । এই সমিতি সংসদের পরবর্তী অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিন সভায় এই বিল দুটি সম্পর্কে তথ্য দাখিল করবে । এই সংসদীয় পেনেলে বিজেপির নেতা পি পি চৌধুরী , অনুরাগ সিং ঠাকুর , পুরুষোত্তমভাই রূপালা , কংগ্রেসের প্রিয়াংকা গান্ধী ও মনিষ তিয়ারী , টি এম সির কল্যান ব্যাণার্জী , এন সি পির সুপ্রিয়া সুলে সহ আরো কয়েকজন লোকসভার সদস্য রয়েছেন । **উল্লেখ্য সংসদের**

উভয়সভা গতকাল অনিদ্রিষ্ট কালের জন্য মুলতুবী করে দেওয়া হয়।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯ শে ডিসেম্বর আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যাক্ত করবেন ।এটি হবে মন কী বাতের ১১৭ তম পর্ব ।জনসাধারণ এই অনুষ্ঠানের জন্য নিজেদের মতামত ও পরামর্শ ১৮০০ ১১ ৭৮০০ টোলফ্রী নম্বরে প্রেরণ করতে পারবেন ।এছাড়া নমো এ্যাপ বা মাই গভ ওপেন ফোরামের মাধ্যমেও নিজেদের পরামর্শ প্রেরণ করা যাবে ।আগামী ২৭ শে ডিসেম্বর পর্যন্ত মতামত ও পরামর্শ প্রেরণ করা যাবে ।

---

গুয়াহাটী হাইকোর্ট আগামী ২৯ শে ডিসেম্বর স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষক নিযুক্তির জন্য আনুষ্ঠেয় টেট পরীক্ষা পিছিয়ে দিতে শিক্ষাবিভাগকে নির্দেশ দিয়েছে ।একাংশ প্রার্থীর দাখিল করা একটি লিখিত আবেদনের শুনানি গ্রহণ করে হাইকোর্টের বিচারপতি মনীষ চৌধুরীর বিচারপীঠ এই নির্দেশ প্রদান করে ।শিক্ষা বিভাগ আগামী ২৯ শে ডিসেম্বর টেট তথা নিযুক্তি পরীক্ষা অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছিল । তবে গত ৫ ডিসেম্বর এই পরীক্ষায় নতুন করে অংক বিষয়টি অর্ন্তভুক্ত করার জন্য একাংশ প্রার্থী হাইকোর্টের দ্বারস্থ হয় ।প্রার্থীদের এই আবেদনের ভিত্তিতে হাইকোর্ট শিক্ষা বিভাগকে পরীক্ষার দিন কম করেও ১৫ দিন পিছিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছে ।

---

কেন্দ্রীয় বিদেশ ও বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা আগামীকাল একদিনের সফরে শ্রীভূমি জেলা সফরে আসছেন । মন্ত্রী শ্রী মার্ঘেরিটা আগামীকাল বিকেল সাড়ে চারটায় শ্রীভূমি শহরে পৌছে জেলা বিজেপি কার্য্যলয়ে দলীয় কর্মকর্তাদের সঙ্গে একটি বৈঠকে মিলিত হবেন । এরপর মন্ত্রী শ্রী মার্ঘেরিটা শিলচর চলে আসবেন ।

---

কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রে আগামী ২২শে ডিসেম্বর থেকে হিতাধিকারীদের মধ্যে নতুন রেশন কার্ড বিতরন করা হবে । জেলার খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগ

থেকে জানানো হয়েছে যে শিলচর বিধানসভা আসনের হিতাধিকারীদের সকাল ১১টায় গান্ধীমেলার মাঠে , লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের ফুলেরতলের লক্ষীপুর খন্ড উন্নয়ন কমপ্লেক্সে , উধারবন্দ বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের ডি এন এইচ এস স্কুলের খেলার মাঠে , বড়খলা বিধানসভা কেন্দ্রের ডলু এইচ এস স্কুলের খেলার মাঠে , সোনাই বিধানসভা কেন্দ্রের মইনুল হক চৌধুরী স্মৃতি মুক্ত মঞ্চে , কাটিগড়া বিধানসভা কেন্দ্রের লক্ষীপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে এবং ধলাই বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের শ্যামাপ্রসাদ মূর্খাজী মুক্তমঞ্চে নতুন রেশন কার্ড প্রদান করা হবে । অনুষ্ঠানগুলিতে সংশ্লিষ্ট হিতাধিকারীদের উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অন্তর্গত আসাম রাজ্যে গ্রামীন জীবিকা অভিযানের অধীনে ৮৩ হাজার যুবক যুবতীকে বিভিন্ন বিভাগে প্রশিক্ষণ প্রদান করে দক্ষ করে তুলতে সমর্থ হওয়া গেছে বলে বিভাগীয় মন্ত্রী রঞ্জিত কুমার দাস জানিয়েছেন। শ্রী দাস বলেন যে দীন দয়াল উ[আধ্যায় গ্রামীন কৌশল যোজনার মাধ্যমে ৮৩ হাজার যুবক যুবতীর দক্ষতা বিকাশ করা সহ ৪৯ হাজার যুবক যুবতীকে বিভিন্ন স্থানে কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া হয়েছে। মন্ত্রী গতকাল পাঞ্জাবারিতে রাজ্য গ্রামীণ জীবিকা অভিযানের কার্যালয়য়ে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন। তিনি বিভাগের সম্পাদন করা বিভিন্ন কাজের পর্যালোচনা করা সহ দক্ষতা বিকাশের অন্যতম কারজসুচী দীন দয়াল উপাধ্যায় যোজনার অগ্রগতির খোজ নেন।

---

কাছাড়ের জেলা সমাজ কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে শুধুমাত্র রেজিষ্ট্রার্ড ট্রাভেল এজেন্সিগুলি থেকে বার্ষিক ভাড়ার ভিত্তিতে গাড়ি সরবরাহ করার জন্য দরপত্র আহ্বান জানিয়েছেন । আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে দরপত্র জমা করা যাবে । বিশদ বিবরনের জন্য জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।